

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে
গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিড ওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০২..০১.০০১.১৯-৫১২ ও ৫১৩

তারিখঃ ১৫/১২/২০১৯ খ্রিষ্টাব্দ

বরাবর,

অধ্যক্ষ

মেডিকেল কলেজ/ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/ ময়মনসিংহ/ খুলনা

অধ্যক্ষ

নার্সিং কলেজ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/ ময়মনসিংহ নার্সিং ইনস্টিটিউট খুলনা

বিষয়ঃ ২০১৯-২০ শিক্ষাবর্ষে নার্সিং ও মিডওয়াইফারি কোর্স সমূহে ভর্তি পরীক্ষা গ্রহণকালীন সময়ে অনুসরণীয় বিশেষ নির্দেশনা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নিম্নে বর্ণিত নির্দেশনা ভর্তি পরীক্ষা গ্রহণকালীন সময়ে পালনের জন্য অনুরোধ করা হলঃ

- পরীক্ষা চলাকালীন সময় হল সুপার , হল পরিদর্শক এবং পরীক্ষা গ্রহণকাজে নিয়োজিত সংশ্লিষ্টদের প্রশ্নপত্র না পড়ার জন্য বিশেষ ভাবে নির্দেশ দেওয়া যাচ্ছে।
- প্রশ্ন পত্রের ট্রাংক ভর্তি পরীক্ষার দিন সকাল ৯.৩০ মিনিটে কন্ট্রোল রুমে দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে খুলবেন এবং হল সুপার সকাল ৯.৪৫ মিনিটে প্রশ্নপত্রের প্যাকেট পরীক্ষা হলে নিয়ে যাবেন এবং যৌক্তিক সময়ে পরীক্ষার হলে প্রশ্নপত্রের প্যাকেট খুলবেন।
- পরীক্ষার হল ছাড়া অন্য রুমগুলো তালা বন্ধ থাকবে।
- বাথরুম চেক করাবেন যাতে কোন বই বা নকল না থাকে।
- পরীক্ষার্থীগণ পরীক্ষার কেন্দ্রে মোবাইল ফোন, হাত ঘড়ি, ক্যালকুলেটর বা কোন প্রকার ইলেকট্রনিক ডিভাইস বহন করতে পারবেন না। পরীক্ষার্থীদের সাথে কোন ধরণের ইলেক্ট্রিক ডিভাইস (বিশেষ করে কানে ও চশমায়)আছে কিনা তা নিশ্চিত করেতে হবে, বিশেষ প্রয়োজনে মহিলা কর্মী দিয়ে পরীক্ষার্থীদের তল্লাশি করাতে হবে।
- প্রতি হলে অথবা সংলগ্ন স্থানে খাবার পানির ব্যবস্থা রাখতে হবে।
- সকাল ৮.০০ টা থেকে ৯.৩০ ঘটিকার মধ্যে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করার অনুমতি দিতে হবে।
- সকাল ৯.৩০ ঘটিকার পর আর কোন পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া যাবে না।
- সিক বেডে কেউ পরীক্ষা দিতে চাইলে ঐ কক্ষেই ব্যবস্থা করতে হবে।
- পরীক্ষার সাথে সংশ্লিষ্টতা নাই এমন কেউ হলে প্রবেশ করতে পারবে না।
- পরীক্ষা হলে মোবাইল ফোন ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে বিশেষ প্রয়োজনে শুধুমাত্র নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর থেকে সরবরাহকৃত মোবাইল ফোন ব্যবহার করা যাবে।
- পরীক্ষার্থীদের উত্তরপত্রের রোল বা রেজিস্ট্রেশন নম্বর লিখতে তুল হলে সর্বোচ্চ ১০ মিনিট সময়সীমা পর্যন্ত হল সুপার প্রশ্নপত্র বদলে দিতে পারবেন।
- কেউ বাংলা অথবা ইংরেজী প্রশ্ন চাইলে চাহিদা অনুযায়ী সরবরাহ করবেন।
- পরীক্ষা শেষে হল সুপার / হল পরিদর্শকগণ প্রশ্নপত্র থেকে ও এম আর (OMR) সিট আলাদা করে প্যাকেট করবেন।
- প্রশ্নপত্রের ট্রাংক জিপিআরএস পদ্ধতিতে ট্রাকিং হবে, সেক্ষেত্রে প্রশ্ন ও উত্তরপত্র পরিবহনে কোথাও বিলম্ব করা যাবে না।
- পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কোথাও কোন গুজব শুনলে অবশ্যই কেন্দ্রে অথবা সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থাকে জানাবেন।
- মন্ত্রণালয় ও অধিদপ্তর থেকে প্রেরিত কেন্দ্র পরিদর্শকদের সহযোগিতা করবেন।
- প্রশ্ন ও উত্তরপত্র ফেরত দেওয়ার সময় অধিদপ্তর থেকে সরবরাহকৃত তালা অবশ্যই ব্যবহার করতে হবে এবং সিলগালা করতে হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সর্বোচ্চ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং সহযোগিতা একান্তভাবে কাম্য।

মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।